বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
সোনারগাঁও, নারায়ণগঞ্জ
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
website: www.fms.gov.bd.

স্মারক নং: ৪৩.২৮.০০০০.১১১.১৬.৬৭৯.১৭-১৬৯ তারিখ: ২৮.১০.২০১৭ খ্রিঃ

**বিষয়ঃ বর্তমান সরকারের সাড়ে আট বছরের (জানুয়ারি ২০০৯ জুন ২০১৭) সাফল্য চিত্র।**

সূত্র নং: ৪৩.০০.০০০০.১১১.২৩.১০৬.১৬-১১০ তারিখ: ২৪.১০.২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত ও সূত্রের পরিপ্রেক্ষিতে মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক বর্তমান সরকারের সাড়ে আট বছরের (জানুয়ারি ২০০৯ জুন ২০১৭) সাফল্য চিত্র সফটকপি ই-মেইলযোগে (sas_admin@moca.gov.bd) ও হার্ডকপি এ সংগে সংযুক্ত সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

স্বাক্ষরিত/-
(রবীন্দ্র গোপ)
পরিচালক
বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
ফোন: ০২-৭৬৫৬৩৩১
ই-মেইল director.s.museum@gmail.com

সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: ছানিয়া আক্তার
সিনিয়র সহকারী সচিব

**বিষয় : বর্তমান সরকারের সাড়ে আট বছরের (জানুয়ারি ২০০৯ জুন ২০১৭) সাফল্য চিত্র।**

লোক ও কারুশিল্পের নিদর্শন সংগ্রহ, সংরক্ষণ, প্রদর্শন, গবেষণা, পৃষ্ঠপোষকতা, উৎসাহদান প্রভৃতির মাধ্যমে লোক ও কারুশিল্পের পুনজাগরণ এ ফাউন্ডেশনের প্রধান উদ্দেশ্য। এ উদ্দেশ্যকে সামনে রেখে ফাউন্ডেশন বেশ কিছু কর্মকাণ্ড পরিচালনা করছে। জানুয়ারি ২০০৯ থেকে জুন ২০১৭ পর্যন্ত সরকারের উন্নয়নমূলক কর্মকান্ডের বিবরণ:

বর্তমান গণতান্ত্রিক সরকার ক্ষমতা গ্রহণের পর থেকে ফাউন্ডেশনের অনেকগুলো উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়িত হয়েছে। এছাড়া সরকারের বার্ষিক উন্নয়ন কর্মসূচির অধীনে চলতি উন্নয়ন প্রকল্পের আওতায় নিম্নোক্ত নির্মাণ কাজ বাস্তবায়িত হয়েছে:

১. প্রশাসনিক ভবনের সামনে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ব্রঞ্জ নির্মিত সর্বোচ্চ ভাস্কর্যের নির্মাণ কাজ
২. শিল্পাচার্য জয়নুল আবেদিনের ভাস্কর্য নির্মাণ
৩. শেখ রাসেলের ভাস্কর্য নির্মাণ
৪. নামাজ ঘর-মন্দির পুননির্মাণ
৫. ফাউন্ডেশনের সৌন্দর্য বর্ধন
৬. দর্শনার্থীদের বসার স্থান নির্মাণ ইত্যাদি

২০০৯ সালে আওয়ামী লীগ সরকার ক্ষমতায় এসে বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের ভৌত অবকাঠামো ও নিরাপত্তা ব্যবস্থা সম্প্রসারণ শীর্ষক প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করে। এই প্রকল্পের আওতায় জানুয়ারি ২০০৯ থেকে শুরু হওয়া ফাউন্ডেশনের ভৌত অবকাঠামো ও নিরাপত্তা ব্যবস্থা সম্প্রসারণ, (১ম পর্যায়) শীর্ষক উন্নয়ন প্রকল্পটির সর্বমোট ব্যয় প্রাক্কলন ১০৬৫.০০ (দশ কোটি পয়ষট্টি লক্ষ) টাকা।

প্রকল্পটির সর্বমোট ভৌত নির্মাণ অংগের মধ্যে ১৩টি অংগের নির্মাণ কাজ ইতোমধ্যেই সমাপ্ত হয়েছে। এর মধ্যে ৮৩.০০(তিরাশি লক্ষ) টাকা ব্যয় প্রাক্কলিত প্রথম অবকাঠামো হিসেবে নবনির্মিত "ছায়ানীড়"স্টাফ কোয়ার্টারের শুভ উদ্বোধন হয়েছে। গত জানুয়ারি ২০০৯ থেকে শুরু হওয়া প্রকল্প এবং নিজস্ব অর্থের আওতায় নিম্নোল্লিখিত অংগের কাজ ইতোমধ্যেই সমাপ্ত হয়েছে:

১.সীমানা প্রাচীর সম্প্রসারণ
২.জাদুঘর ভবন এবং প্রশাসনিক ভবনের উর্দ্ধমূখী সম্প্রসারণ
৩.লোকজ মঞ্চ নির্মাণ
৪.কারুপল্লীতে ৪৮টি স্টল নির্মাণ
৫.সম্প্রসারিত ব্লক রাস্তা
৬.গাড়ি পার্কিং ময়দান নির্মাণ, যাতে তিন শতাধিক গাড়ি রাখা যায়
৭.কারুপল্লী এলাকায় ভূমি উন্নয়ন
৮.তৃতীয় শ্রেণীর ৪তলা কোয়ার্টার নির্মাণ
৯.পাবলিক টয়লেট নির্মাণ ও অভ্যর্থনা কক্ষ
১০.টিকেট কাউন্টার কাম গার্ড হাউস নির্মাণ
১১.প্রধান গেইট নির্মাণ
১২.৩টি কারুব্রীজ (আর সিসি) সেতু নির্মাণ
১৩.অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ
১৪.বৈদ্যুতিক জেনারেটর (৮০ কেভি) ক্রয়
১৫.যন্ত্রপাতি ও সরঞ্জাম: স্টিল ক্যামেরা এবং ভিডিও ক্যামেরা
১৬. লেকে নৌ-ভ্রমণের জন্য ১০টি সুদৃশ্য নৌকার ব্যবস্থা
১৭. বিদ্যুতায়ন।
১৮.আসবাবপত্র সংগ্রহ

**গবেষণা-প্রকাশনা: আলোচ্য সময়ে মুদ্রিত প্রকাশনার তালিকা;**

১) লোকশিল্পের নির্বাচিত প্রবন্ধ, প্রকাশকাল: মার্চ ২০১০
২) সোনারগাঁও জাদুঘর গাইড, প্রকাশকাল: সেপ্টেম্বর ২০১৩
৩) A Visitors Guide to the Sonargaon Museum, Publication October 2013
৪) প্রতিবেদন: লোককারুশিল্পমেলা লোকজ উৎসব ১৪২০, প্রকাশকাল : জুন ২০১৩
৫) বাংলাদেশের ঐতিহ্যবাহী বাদ্যযন্ত্র, প্রকাশকাল : নভেম্বর ২০১৩
৬) বাংলাদেশের কারুশিল্পী ও শিল্পকর্ম ২০১৪
৭) ঐতিহাসিক সোনারগাঁ ২০১৬
৮) বাংলাদেশের গৌরবগাথা আমাদের এই নকশিকাঁথা ২০১৬
৯) Historical Sonargaon 2016
১০)নদী পাড়ের বিলুপ্ত প্রায় লোকশিল্প ২০১৭

২০১৪-২০১৫ অর্থ বছরের সম্পাদিত কার্যাবলি :

১. কারুশিল্পী প্রশিক্ষণ কর্মসূচির আওতায় ৫৯জন অদক্ষ জনবলকে প্রশিক্ষণ প্রদান।
২. স্মারক শুভেচ্ছা বিপণী
৩. জাদুঘর ভবনের প্রথম ও দ্বিতীয় তলায় টাইলস স্থাপন
৪. বিক্রয় কেন্দ্র সংস্কারসহ অন্যান্য ভৌত নির্মাণ ও সংস্কার কাজ
৫. বছরব্যাপী সরকারি দিবসে অনুষ্ঠান আয়োজন যথাযোগ্য মর্যাদায় মাসব্যাপী লোককারুশিল্প মেলা আয়োজন, শিল্পাচার্য জয়নুল আবেদিনের জন্ম ও মৃত্যুবার্ষিকী, মৃৎশিল্পের প্রদর্শনী, বর্ষাবরণ,মাসব্যাপী লোকজ উৎসব ও লোককারুশিল্প মেলা উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান, কবিতাপাঠসহ বিভিন্ন ধরনের অনুষ্ঠানের আয়োজন করা হয়।
৬. আলোচ্য সময়ে বাংলাদেশের ঐতিহ্যবাহী বাদ্যযন্ত্র শীর্ষক গবেষণা গ্রন্থসহ তিনটি গ্রন্থ প্রকাশিত হয়েছে।
৭. এ সময়ে প্রায় ০৭ লক্ষ দর্শনার্থী ফাউন্ডেশন পরিদর্শন করে
৮. এবং দর্শনার্থী প্রবেশ ফি, বিনোদন স্পট ভাড়া, বড়শিতে মাছ ধরার ফিসহ বিভিন্ন খাত থেকে সর্বমোট প্রায় ২.০০(দুই কোটি) টাকা আয় হয়েছে।

২০১৫ -১৭ অর্থ বছরে ফাউন্ডেশনে সম্পাদিত কার্যাবলী:

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় নির্ধারিত কার্যাবলীসহ আলোচ্য অর্থবছরে যে সকল কর্মকাণ্ড সম্পাদিত হয়েছে তার মধ্যে উল্লেখযোগ্য হলো

১. দেশের সকল অঞ্চলের কারুশিল্পীদের পরিপূর্ণ পরিচিতিমূলক তালিকা প্রণয়ন।
২. জরিপ কর্মসূচির মাধ্যমে কারুশিল্পীদের বিষয়ে তথ্য ভাণ্ডার গড়ে তোলার লক্ষ্যে নারায়ণগঞ্জ জেলার দু'টি উপজেলা সোনারগাঁও এবং রূপগঞ্জ জরিপ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।
৩. কারুশিল্পের মান উন্নয়নে দেশের ৫টি জেলায় ৬টি কারুশিল্পের প্রতিটি মাধ্যমে ১৫জন করে মোট ৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়। এ কর্মসূচির আওতায় ঠাকুরগাঁও জেলায় পাটের শিকা, রাজশাহীতে মাটির চিত্রিত পুতুল, মাগুরার শোলার কারুশিল্প, কিশোরগঞ্জের টেপাপুতুল, চট্টগ্রামের চন্দরাইশে তালপাতার পাখা এবং মিরসরাইয়ে বটনী পাটির উপর প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়।
৪. আলোচ্য বছরে প্রায় ১,০০০.০০(এক হাজার)টি নিদর্শন দ্রব্যের আলোকচিত্র ডকুমেন্টেশনের কাজ সম্পন্ন হয়।
৫. কারুশিল্পীদের উৎসাহ প্রদানের লক্ষ্যে ফাউন্ডেশন থেকে চলতি বছর পাটের কারুশিল্প, ধাতব কারুশিল্প (তামা-কাঁসা-পিতল)এবং শীতলপাটি মাধ্যমে ০৩জনকে পুরস্কৃত করা হয়।
৬. আলোচ্য বছরে বাঁশের তৈরি মাছ ধরার কারুপণ্য এবং নকশিকাঁথার উপর ক্যাটালগ গবেষণামূলক প্রকাশনাসহ বিশেষ প্রদর্শনীর আয়োজন করা হয়। এ ছাড়া সারা বছর জুড়ে অনুষ্ঠানের আয়োজন করা হয়।

৭. দক্ষিণ কোরিয়ার **Youngone Group** কর্তৃক বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের “লোক ও কারুশিল্প জাদুঘর (বড় সরদার বাড়ি)” **Restoration** কাজের চুক্তি স্বাক্ষরিত হওয়ার প্রেক্ষিতে ফাউন্ডেশনের ঐতিহাসিক পুরাতন জাদুঘর ( বড় সর্দার বাড়ি) এর **Restoration** কাজ সম্পন্ন হয়েছে।

৮. আলোচ্য সময়ে ফাউন্ডেশনকে উৎসবমূখর রাখার জন্য নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে ফাউন্ডেশনে দর্শনার্থীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে। সেই সংগে ফাউন্ডেশনের আয়ও বৃদ্ধি পেয়েছে। এক্ষেত্রে উল্লেখ্য যে, ২০০৭-২০০৮ অর্থ বছরে যেখানে ফাউন্ডেশনের নিজস্ব আয় হয়েছিল ১০৫.০০ (এক কোটি পাঁচ লক্ষ) টাকা সেখানে ২০০৮-২০০৯ অর্থ বছরে আয় হযেছে ১২৬.০০ ( এক কোটি ছাব্বিশ লক্ষ) টাকা, ২০০৯-২০১০ অর্থ সালে আয় হয়েছে ১৩২.০০ ( এক কোটি বত্রিশ লক্ষ) টাকা এবং সর্বশেষ গত ২০১৬-২০১৭ অর্থ বছরে আয় হয়েছে ২৮৪. ০০(দুই কোটি চুরাশি লক্ষ) টাকা।

(রবীন্দ্র গোপ)
পরিচালক
বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন